# খোয়াই

ISSN 2319 – 8389, Vol : 44, Issue : 44

KHOAI
UGC Care Listed Journal
Art and Humanities
Tri - Annual Journal



সংখ্যা ৪৪ : ২২ শ্রাবণ, ১৪২৮

শান্তিনিকেতন

N 2319 – 8389, Vol : 44, Issue : 44

KHOAI
UGC Care Listed Journal
Art and Humanities
Tri - Annual Journal

# খোয়াই

সাহিত্য ও সংস্কৃতি-মূলক সংকলন

সম্পাদক
কিশোর ভট্টাচার্য

সংখ্যা ৪৪ : ২২ শ্রাবণ, ১৪২৮
শান্তিনিকেতন

# সূচীপত্র


| | | |
|---|---|---|
| সম্পাদকীয়- | | |
| ভারতীয়সংস্কৃতি ভাবনায় উপনিষদ্ ও রবীন্দ্রমননের সমন্বয়সাধন- | অর্পিতা নাথ | ৯ |
| এখনো বয় বাঙালী উদ্বাস্তু নারীর সাংস্কৃতির ধারা- | অলোক কুমার বিশ্বাস | ১৬ |
| ভক্তি-আন্দোলনের পটভূমিতে অসমীয়া ও বাংলা সাহিত্য- | পল্লবী সাহা ও ড. সঙ্গীতা শইকীয়া | ২২ |
| ভারতের সংস্কৃতি অনুরাগী একজন বিশিষ্ঠ ইংরেজ- | ড. সনৎ ভট্টাচার্য | ২৯ |
| মহিলা ডাক্তার হৈমাবতী সেন পুনঃদর্শন- | পলাশ দে | ৩২ |
| পশ্চিমবঙ্গের সমাজ ও সংস্কৃতির প্রেক্ষিতে ঘাড় নাড়া মাটির পুতুল- | শুভঙ্কর মণ্ডল | ৪২ |
| প্রাত্যহিক প্রলয় : সোমেন চন্দের 'বন্যা' উপন্যাসে 'বিত্তহীন মধ্যবিত্ত'-র আবহমান দুর্দশা- | অর্যমা ঘোষ | ৪৮ |
| টিনের তলোয়ার বঞ্চিত-নটীদের সিম্বল-কাহিনীর রূপরেখাঃ একটি সমাজতাত্ত্বিক বিশ্লেষণ- | মৌ চক্রবর্তী | ৫৪ |
| তারাশঙ্করের গল্পে প্রবৃত্তি রূপা নিয়তির ভূমিকা॥- | তাপস মণ্ডল | ৫৯ |
| সমরেশ বসুর 'তিনপুরুষ' ঃ এক সহিষ্ণু রাজনৈতিক কর্মীপুরুষের আত্মজিজ্ঞাসার অনুসন্ধান- | মহেবুব হোসেন | ৬৬ |
| প্রেমেন্দ্র মিত্রের কবিতা ''হারিয়ে''- দার্শনিক দৃষ্টিতে- | স্বপন মাল | ৭৮ |
| নিসর্গ ও নীল পাথরের আকাশ : কবি মণীন্দ্র গুপ্তের উপলব্ধির জগৎ- | মধুপর্ণা মুখার্জী | ৮৪ |
| বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাউল মতের গুরুত্ব ও অপ্রয়োজনীয়তা- | মোঃ আব্দুল্লাহ আল মামুন | ৯০ |
| তিস্তা-ব্রহ্মপুত্র উপত্যকা : শব্দতত্ত্বের আড়ালে ইতিহাস- | ভাস্কর রায় | ১০২ |
| 'মনসামঙ্গল' কাব্যে ছদ্মপরিচয় প্রসঙ্গ- | অনিতা মণ্ডল | ১১৪ |
| Breaking The Shackles : Growth Of Nationalism And Feminism In Colonized India : A Comparative Study Of Fanny Parkes's *Wanderings Of A Pilgrim In Search* Of The *Picturesque* And Sri Aurobindo's *Savitri*- | By Arijit Goswami | ১২০ |
| In Search of a Human Truth: Reading Some English Writings of Rabindranath Tagore Composed during Last Forty Years of the Poet's Life (1901-1941)- | Dr. Abhisek Bhattacharya | ১২৪ |
| ঘরবন্দি- | কৃত্তিকা ভট্টাচার্য | ১৩০ |
| মধুবনী চিত্রকলায় নারী মনন- | মুনমুন বন্দ্যোপাধ্যায় | ১৩১ |
| বাংলা মঙ্গলকাব্যে নারীর প্রতিবাদী সত্তা- | বাপী নস্কর | ১৩৭ |
| রবীন্দ্রকবিতা পাঠঃ 'The Child'ও শিশুতীর্থ : চিরকালীন মানবের জয়গান- | প্রাপ্তি চক্রবর্তী | ১৪৩ |
| বিস্মৃত প্রায় সাহিত্যিক ও সম্পাদক জলধরসেন- | পৌলোমী মালিক | ১৪৮ |
| আঞ্চলিক, স্থানিক ও ক্ষুদ্র ইতিহাসের প্রেক্ষিতে কিশোরীলাল সরকারের হেতমপুর-কাহিনী- | অরিজিৎ প্রামাণিক | ১৫৭ |
| Are the high and Low Emotionally Intelligent Adolescents differing in their Perceived Parenting Styles ?- | Proloyendu Bhoumick & Rajesh Kumar Saha | ১৬৩ |
| The great Indian Hindustani classical Vocalist : Ustad Ghulam Mustafa Khan- | Dr. Tanmoy Pal | ১৬৯ |
| নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'রামমোহন' নাটক - | তড়িৎ রায়চৌধুরী | ১৭৩ |
| উত্তরবঙ্গের ভৌগোলিক পরিবেশ- | কালীকৃষ্ণ সূত্রধর | ১৭৭ |
| Academic Motivation Of The Students During Covid 19 Pandemic : Role Of Locus Of Control- | Uttam Kumar Mukhopadhyay, Dr. Apurba Biswas | ১৮৪ |
| Utilization Of Educational Facilities At The Primary Schools Of Border Area In North24pargan's- | Madhusudan Biswas & Apurba Biswas | ১৯৩ |
| রবীন্দ্রনাথ ঠাকুরের 'ডাকঘর'ঃ শৈলীর স্বরূপ-সন্ধান- | ড. অর্দ্ধেন্দু সরকার | ২০০ |
| Characteristic Techniques of Hindustani Raga *Sangeet* and the | | |

# ভারতীয়সংস্কৃতি ভাবনায় উপনিষদ্ ও রবীন্দ্রমননের সমন্বয়সাধন

অর্পিতা নাথ

সুদূর অতীত কাল থেকেই নানা বৈসাদৃশ্য, পরস্পরবিরুদ্ধ বিভিন্ন মতাদর্শের, নানা সামাজিক ও ত্মধর্মের প্রায় নির্বিবাদ সহাবস্থান ভারতবর্ষীয় আধ্যাত্মিক ও সামাজিক জীবনে তথা জাতীয় জনজীবনে দৃষ্টিগোচর যা বিশ্বসভ্যতায় অপূর্ব বৈশিষ্ট্যসমূহ বলে বিবেচিত হয়। বহির্দেশাগত বহু জাতি অনেক সময়ে ক্ষমতার জোরে তবর্ষে প্রতিষ্ঠা লাভ করেছে। কিন্তু ভারতীয়দের স্বভাবসিদ্ধ উদারতার ফলে ঐ সকল জাতি ঐসব মতাদর্শ তিবিলম্বেই বহুসম্মত ভারতীয় জীবনধারায় অঙ্গীভূত হয়ে গেছে এবং ভারতীয় সংস্কৃতিও ফুলে ফলে যথাযথ পুষ্টি লাভ করেছে। ভারততীর্থ কবিতায় বিশ্বকবি অত্যন্ত সংগত ভাবেই বলেছেন-- কেহ নাহি জানে, কার নে কত মানুষের ধারা / দুর্বার স্রোতে এল কোথা হতে সমুদ্রে হল হারা / হেথায় আর্য, হেথা অনার্য, হেথায় ড় চীন / শকহুণদল পাঠান মোগল এক দেহে হল লীন। এই অপূর্ব উদারতা ও পরমতসহিষ্ণুতা ভারতীয় নের প্রকৃত সামাজিক ও আধ্যাত্মিক ভিত্তি। সকল জীবই পরব্রহ্মের অংশ, সর্বত্রই তাঁর প্রকাশ-- আনন্দরূপমমৃতং ভাতি[১], তিনি এক ও অদ্বিতীয়-একমেবাদ্বিতীয়ম্[২], জগতের বিবিধ বৈচিত্র্য মহামায়ার অচিন্ত্যলীলা প্রকাশ। শ্বরের দ্বারায় জগৎ আচ্ছাদিত- ঈশা বাস্যমিদং সর্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।[৩] অতএব সব বৈচিত্র্যের মাঝে ঐক্য বর্তমান তাই ভারতীয় সংস্কৃতির মূল অঙ্গ।

সংস্কৃত সাহিত্যে সংস্কৃতির পরিস্ফুরণ ঘটেছে সেই প্রাচীন যুগ থেকেই। তপোবন আশ্রমস্থ ঋষিদের মননে বারে প্রতিধ্বনিত হয়েছে ঐক্য, সাম্য তথা ভারতীয় সংস্কৃতির মূলমন্ত্র--

সংগচ্ছধ্বং সংবদধ্বং সং বো মনাংসি জানতাম্।
দেবা ভাগং যথা পূর্বে সংজানানা উপাসতে।।[৪]

বৈদিক মন্ত্রের ব্যবহার গুরুদেব চারিত্রপূজা, ভারত পথিক রামমোহন রায় প্রভৃতি প্রবন্ধে করেছেন। তাঁর মতে- তিহাস মাত্রেরই সর্বপ্রধান মন্ত্র হচ্ছে-- সংগচ্ছধ্বং ইত্যাদি। এক হয়ে চলব, এক হয়ে বলব, সকলের মনকে বলে জানব। বেদ হতে বেদান্তে একই ভাবনার নানা আঙ্গিকে তারই বহিঃপ্রকাশ ঘটেছে। গায়ত্রী মন্ত্র সম্পর্কে দ্রনাথের মত এ প্রসঙ্গে স্মরণযোগ্য- একদিকে ভূলোক, অন্তরীক্ষ জ্যোতিষ্কলোক, আর একদিকে আমাদের বৃত্তি আমাদের চেতনা-- এই দুইকেই এক শক্তি বিকীর্ণ করছে, তাঁর এই শক্তিকে বিশ্বের মধ্যে এবং আপনার

---

মুণ্ডকোপনিষদ্-২/২/৭
ছান্দোগ্যোপনিষদ্-৬/২/১
ঈশোপনিষদ্-১
ঋগ্বেদ-১০/১৯১/২